

## বিমানে প্রথম নারী 'ফ্লাইট অপারেশন' পরিচালক নিয়োগ

- A Monitor Desk Report

Date: 15 October, 2024



ঢাকাঃ প্রথম নারী হিসেবে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের পরিচালক পদে নিয়োগ পেয়েছেন ক্যাপ্টেন তাসমিন দোজা। এর আগে তিনি বিমানের ট্রেনিং ফ্লাইট অপারেশনস বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

সোমবার (১৪ অক্টোবর) এক অফিস আদেশে তাকে এই দায়িত্ব দেয়া হয়।

আদেশে বলা হয়েছে, বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ফ্লাইট অপারেশনস পরিচালক হিসেবে ক্যাপ্টেন তাসমিন দোজাকে নিয়োগ দেওয়া হয়েছে।

দোজা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে স্নাতক শেষ করে ফ্লাইং একাডেমি থেকে লাইসেন্স লাভ করেন। তিনি ফকার-২৮ এ প্রশিক্ষক পাইলট, বোয়িং-৭৩৭ এর ফ্লিট প্রধান ও প্রশিক্ষক এবং বোয়িং-৭৮৭ ড্রিমলাইনারের প্রশিক্ষক হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

-B